

## مَلِكِ الْمَلِكِ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৮৪ তম নাম ‘مَلِكِ الْمَلِكِ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘مَلِكِ الْمَلِكِ’ শব্দের মূল ك - ل - م , এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২০৬ বার এসেছে। শক্তি, অধিকার করা, দখল রাখা, মালিক হওয়া, প্রভুত্ব, রাজত্ব, কর্তৃত্ব, আধিপত্য, ফেরেশতা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ مَلِكِ الْمَلِكِ অর্থ: ‘তিনি বিশ্বজাহানের মালিক’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

قُلِ اللَّهُمَّ مَالِكِ الْمَلِكِ تُؤْتِي الْمَلِكَ مَن تَشَاءُ وَتَنْزِعُ الْمَلِكَ مِمَّن تَشَاءُ وَتُعِزُّ مَن تَشَاءُ  
وَتُنزِلُ مَن تَشَاءُ بِيَدِكَ الْخَيْرُ إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٢٦﴾

(হে নবী) বলো: হে আল্লাহ, সমস্ত বিশ্ব জাহানের মালিক তুমি। যাকে ইচ্ছা তুমি ক্ষমতা দান করো এবং যার থেকে ইচ্ছা তুমি ক্ষমতা কেড়ে নাও। যাকে ইচ্ছা তুমি ইজ্জত দান করো, যাকে ইচ্ছা লাঞ্চিত করো সমস্ত কল্যাণ তোমারই হাতে। নিশ্চয়ই তুমি সব বিষয়ে সর্বশক্তিমান। (সূরা আলে ইমরান: আয়াত নং ২৬)

**বুখারী শরীফের হাদীস:**

রাসূল সা: বলেছেন, যার হাতে আমার প্রাণ তাঁর শপথ, ঈমানদারদের নিকট জান্নাতের বাসস্থান দুনিয়ার বাসস্থানের চেয়ে অতি পরিচিত মনে হবে।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা- বিশ্বজাহানের মালিক আল্লাহ আমাদেরকে দুনিয়া ও আখেরাতে সম্মান ও দিতে পারেন আবার অপদস্থ ও করতে পারেন। আমরা আল্লাহর নির্দেশ মোতাবেক জীবন যাপন করলে আশা করা যায়, তিনি আমাদেরকে দুনিয়া ও আখেরাতে লাঞ্চিত করবেন না এবং আমাদেরকে ইজ্জত দান করবেন। আসুন, আমরা আল্লাহর সাথে কাউকে শিরক না করি। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।